

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৩১

আগরতলা, ১৬ জুন, ২০২৪

উত্তরপূর্বাঞ্চল ফিজিওথেরাপি সন্মেলন-২০২৪'র সমাপ্তি অনুষ্ঠানে রাজ্যপাল

রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিড নাথু আজ উত্তরপূর্বাঞ্চল ফিজিওথেরাপি সন্মেলন-২০২৪'র সমাপ্তি অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। আজ সকালে শহরের এক বেসরকারি হোটেলে এই সন্মেলন অনুষ্ঠিত হয়। সন্মেলনে রাজ্যপাল বলেন, রোগীর শরীরের নড়াচড়া বজায় রাখতে, শরীরের সক্ষমতা পুনরুদ্ধার ও সুস্থ দেহের জন্য ফিজিওথেরাপি সহায়তা করে। এই থেরাপি দেহের হৃৎপিণ্ড জনিত সমস্যা এবং ডায়াবেটিস রোধেও সহায়তা করে। ফিজিওথেরাপি পেশার সঙ্গে জড়িতদের পেশাদারিত্ব বৃদ্ধির ক্ষেত্রে এই সংগঠন বিভিন্ন সময় সন্মেলন, সেমিনার, কর্মশালার আয়োজন করার জন্য রাজ্যপাল সন্তোষ প্রকাশ করেন। রাজ্যপাল আশা প্রকাশ করেন এই সন্মেলন ফিজিওথেরাপির সঙ্গে যুক্ত বিশেষজ্ঞ ও ছাত্রছাত্রীদের জন্য সহায়ক ভূমিকা নেবে।

রাজ্যপাল সন্মেলন উপলক্ষে আয়োজিত ফিজিওথেরাপির জন্য প্রয়োজনীয় বিভিন্ন যন্ত্রপাতি এবং সামগ্রী প্রদর্শনীও ঘুরে দেখেন। সমাপ্তি অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ইন্ডিয়ান এসোসিয়েশন অব ফিজিওথেরাপি এর সভাপতি প্রফেসর (ডা.) সঞ্জিব কুমার ঝা ও ট্রেজারার রুচি বারসনে, উত্তরপূর্বাঞ্চল ফিজিওথেরাপি সন্মেলনের আয়োজক কমিটির চেয়ারম্যান ডা. বরবির দেবনাথ প্রমুখ।
